# ইরানের বিরুদ্ধে লড়াই অব্যাহত রাখার ঘোষণা নেতানিয়াহুর



ইসরায়েলের প্রেসিডেন্ট নেতানিয়াহু। ছবি: সংগৃহীত

ইরান ও তার মিত্রদের লক্ষ্য করে সামরিক অবস্থান থেকে সরে আসার কোনো ইঙ্গিত দেয়নি ইসরায়েল। দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জানিয়েছেন, তেহরান ও সংশ্লিষ্ট শক্তিগুলোর বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।

শনিবার (১১ এপ্রিল) এক সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া বার্তায় তিনি বলেন, তার নেতৃত্বে ইসরায়েল ইরানের শাসনব্যবস্থা ও তাদের মিত্রদের মোকাবিলা করে যাবে। একই সঙ্গে তিনি তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের তীব্র সমালোচনা করেন।

নেতানিয়াহুর অভিযোগ, এরদোয়ান ইরানকে সহযোগিতা করছেন এবং কুর্দি জনগণের বিরুদ্ধে সহিংসতার জন্য দায়ী।

এদিকে, ইরানকে ঘিরে উত্তেজনা থাকলেও বর্তমানে যুদ্ধবিরতি কার্যকর রয়েছে এবং যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা চলছে। এমন প্রেক্ষাপটে নেতানিয়াহুর এই বক্তব্য পরিস্থিতিকে আবারও অস্থিতিশীল করে তুলতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

অন্যদিকে, গাজায় যুদ্ধাপরাধের অভিযোগে আন্তর্জাতিক অপরাধ আদালতের গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত নেতানিয়াহুর এই মন্তব্য আন্তর্জাতিক মহলে ভিন্নধর্মী প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে বলেও ধারণা করা হচ্ছে।

LENS ASIA